দৈনিক ইনকিলাব

তারিখ 05.05.2006
পৃষ্ঠা ১ কলাম ৭

# আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন অব্যাহত থাকবে

## –জমিয়াতুল মোদার্রেছীন

**স্টাফ রিপোর্টার**

বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের নেতৃবৃ ঘোষণা দিয়েছেন, ইসলামী আর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন অব্যাহ থাকবে। যতদিনে দাবী পূরণ না হবে ততদি পর্যন্ত চলতে থাকবে অবিরাম এই ঐতিহাসি আন্দোলন। জমিয়াত সভাপতি আলহাজ এম এম বাহাউদ্দীন, মাওলানা শাব্বী আহমাদ মোমতাজী, মাওলানা ইউনু মাওলানা রুহুল আমীন প্রমুখ নেতৃবৃ গতকাল এক যুক্ত বিবৃতিতে একথা বলেন বিবৃতিতে তারা বলেন, ইসলামী আর বিশ্ববিদ্যালয় আমাদের মহান পূর্বসূরি ওলাম মাশায়েখ ৮-এর পৃঃ ৫-এর কঃ দেখু

## জমিয়াতুল মোদার্রেছীন

*প্রথম পৃষ্ঠার পর*

ও ইসলামী চিন্তাবিদদের স্বপ্ন। এ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে যুগ যুগ ধরে আন্দোলন চলেছে। তাদের অনুগামী অনুসারীরা এখন ময়দানে আছে এবং থাকবে। কোন ধোঁকা প্রতারণা দিয়ে এ আন্দোলন স্তব্ধ করা যাবে না। সংসদে পাসকৃত ইসলামী বিশ্ববিদ্যালয় সংশোধন ও মাদ্রাসা শিক্ষা সংশোধন বিল প্রত্যাহার করে জমিয়াত নেতৃবৃন্দ বলেন, এ হচ্ছে এ সরকারের ওয়াদাখেলাপী ও প্রতারণার দলিল। সরকারের সর্বোচ্চ পর্যায় থেকে দেশের সর্বজনশ্রদ্ধেয় নবতীপর প্রবীণ আলেম ও পীর ছাহেবের নিকট ওয়াদা করার দু'সপ্তাহ যেতে না যেতে এ সরকার মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ কেবল বহালই রাখেনি বরং নতুন সার্কুলার জারি করে তা আরো কঠোর করেছে। আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেয়ার প্রতিশ্রুতি ভঙ্গ করেছে। তাদের মতলব খারাপ। তারা চায় মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য, বৈশিষ্ট্য ধ্বংস করে একে সাধারণ শিক্ষার মাঝে বিলীন করে দিতে। তারা একদিকে বারবার ওয়াদা করা সত্ত্বেও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন-স্কেল দেয়নি। অপরদিকে, কালাকানুন জারি করে মাদ্রাসা শিক্ষার সামনে বাধার প্রাচীর খাড়া করছে। সংসদে প্রস্তাব উত্থাপিত হওয়া সত্ত্বেও ইসলামী বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষা বিল জনমত যাচাইয়ের জন্য না দেয়ার কারণ হচ্ছে তারা নির্ঘাত জানেন যে, দেশের ওলামা-মাশায়েখ, মাদ্রাসার ছাত্র-শিক্ষকসহ এদেশের ধর্মপ্রাণ মানুষ এ বিল ঘৃণাভরে প্রত্যাখ্যান করবে। জমিয়াত নেতৃবৃন্দ বলেন, রাজনৈতিক মতলব হাসিলের লক্ষ্যে, মেয়াদের শেষ প্রান্তে এসে তড়িঘড়ি করে সংখ্যাগরিষ্ঠের শক্তিতে মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্যবিধ্বংসী এমন একটি বিল পাস করিয়ে নিতে পেরেছে, এর জের এখানেই শেষ হবে না। বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীন দেশের ওলামা-মাশায়েখ মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও ইসলামী জনতাকে নিয়ে মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা, স্বাতন্ত্র্য ও নিজস্ব বৈশিষ্ট্যসমূহ সুরক্ষার এবং এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার

# আরবী বিশ্ববিদ্যালয়ের ঘোষণা না দিয়ে সরকার প্রতারণা করেছে

## –মাওলানা নূরুল হুদা ফয়েজী

**স্টাফ রিপোর্টার ঃ** ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের মহাসচিব মাওলানা নূরুল হুদা ফয়েজী ফাজিল-কামিলের মান ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে দেয়ার সিদ্ধান্তে গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি বলেন, ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী যখন জাতীয় দাবীতে পরিণত হয়েছে সে দাবীকে উপেক্ষা করে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে মান দেয়ার সরকারী সিদ্ধান্ত তৌহিদী জনতার সাথে প্রতারণার শামিল। এতে একটি মহলই সবচেয়ে বেশী লাভবান হবে।

গতকাল দুপুরে পুরানা পল্টনস্থ কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় তিনি উপরোক্ত কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন প্রেসিডিয়াম সদস্য মাওলানা আবু জাফর আহমদুল্লাহ, মাওলানা গাজী আতাউর রহমান, আবু সাঈদ সিদ্দিকী, মাওলানা আহমদ আবদুল কাইয়ুম ও মাওলানা খায়রুল ইসলাম প্রমুখ।

নেতৃবৃন্দ বলেন, সরকারের শেষ পর্যায়ে এসে ইসলামী জনতার সাথে প্রতারণা সরকারকে আগামীতে চরম মূল্য দিতে হবে। জনতার দাবীকে উপেক্ষা করে ক্ষমতায় যাওয়া ও